দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org
E-mail- cnfctg@gmail.com, info@cnfctg.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৬৩/২০১২ — তারিখঃ ৩১/১০/২০১২খ্রিঃ।
সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি, — ১৬ কার্তিক, ১৪১৯ বাংলা।

কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস স্মারক নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৪)/১৮৬ কাস, তারিখঃ ১৮/১০/২০১২ইং সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বা:/-
এম রহমান
উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৪)/............কাস — তারিখঃ ১৮/১০/২০১২।

বিষয় ঃ **১০/১০/২০১২ তারিখে অনুষ্ঠিত কাস্টম হাউস, চট্টগ্রামের পরামর্শক কমিটির সভার কার্যবিবরণী।**

কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রামের সভাপতিত্বে ১০/১০/২০১২ তারিখে কাস্টম হাউস, চট্টগ্রামের পরামর্শক কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। দীর্ঘ দিন পর এই সভা অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট সকলেই ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় উপস্থিতির তালিকা “পরিশিষ্ট-ক” তে রয়েছে। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। সভায় পরামর্শক কমিটির সদস্যগণ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। বিভিন্ন বিষয়ে পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃনং | আলোচ্যসূচী | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সরকারী দায়িত্ব পালনরত অবস্থায় একজন শুল্ক কর্মকর্তাকে শারীরিকভাবে লাঞ্ছিত করা। | সরকারী দায়িত্ব পালনরত অবস্থায় কাউকে লাঞ্ছিত করা বা দায়িত্ব পালন বিঘ্ন সৃষ্টিকারী দুস্কৃতিকারীদের বিরুদ্ধে শুল্ক ভবন, চট্টগ্রামের গৃহীত আইনানুগ কার্যক্রমের সাথে সকলে একাত্মতা প্রকাশ করেন। |
| ২ | বিভিন্ন ইস্যুতে নথি অগ্রায়ণে বিলম্ব ঘটায় আমদানি-রপ্তানি পণ্য চালান খালাসে ব্যয় বৃদ্ধি ও ক্ষতির সম্মুখীন। | যে সকল ইস্যুতে নথি খোলা হবে ও উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনের প্রয়োজন হবে সে সকল ক্ষেত্রে অপ্রয়োজনীয় সময় ক্ষেপণ রোধ করার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ৩ | অপঘোষণার মাধ্যমে রাজস্ব ফাঁকি প্রদান ও ফাঁকির চেষ্টাকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ। | অপঘোষণার মাধ্যমে যে সকল প্রতিষ্ঠান ও ব্যক্তি সরকারী রাজস্ব ফাঁকি প্রদান করবে ও ফাঁকিতে সহায়তা করবে তাদের বিরুদ্ধে আইন ও বিধি মোতাবেক কাস্টম হাউস, চট্টগ্রাম যে সকল কার্যক্রম গ্রহণ করবে বা করছে তার প্রতি সকলে একমত পোষণ করেন। |
| ৪ | কায়িক পরীক্ষা প্রতিবেদন প্রদানে অহেতুক বিলম্ব ও জেটি কাস্টমস দপ্তরের বিভিন্ন অনিয়ম বন্ধ করা। | কায়িক পরীক্ষার পর ন্যূনতম সময়ের (২৪ ঘন্টা) মধ্যে পরীক্ষা প্রতিবেদন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন যুগ্ম কমিশনার জেটি। এক্ষেত্রে তিনি Risk Management পদ্ধতি অনুসরণ করবেন। |
| ৫ | বিজিএমইএ ও বিকেএমইএভুক্ত প্রতিষ্ঠানসমূহের আমদানি-রপ্তানি পণ্য চালান খালাসের জন্য বিজিএমইএ কর্তৃক সরবরাহকৃত সিএন্ডএফ এজেন্টের তালিকার বাইরে অন্য কারো নিকট হতে B/E গ্রহণ না করা। | বিজিএমইএ ও বিকেএমইএ-এর পক্ষ হতে প্রতিষ্ঠান ভিত্তিক সিএন্ডএফ এজেন্টের তালিকা প্রদান করা হলে তালিকা বহির্ভূত কোন সিএন্ডএফ এজেন্টের নিকট হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিল অব এন্ট্রি ও শিপিং বিল গ্রহণ করা হবে না। |

ক্রমশঃ-২

| | | |
|---|---|---|
| ৬ | প্রাইভেট আইসিডি (Off- Dock) সমূহে সার্বক্ষণিক সহকারী রাজস্ব কর্মকর্তার উপস্থিত থাকা। | বর্তমানে এই দপ্তরে সহকারী রাজস্ব কর্মকর্তাদের প্রচুর শূন্য পদ থাকায় এই মুহূর্তে অতিরিক্ত জনবল পদায়ন সম্ভব নয়। তবে, জনবল নিয়োগের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। ভবিষ্যতে অগ্রাধিকার ভিত্তিতে বিষয়টি বিবেচনা করা হবে। |
| ৭ | একাধিক আইসিডি(Off -Dock)-তে কর্মরত সহকারী কমিশনারের প্রতি Off -Dock থেকে যানবাহন বরাদ্দ করা । | একাধিক আইসিডি (Off- Dock)-তে দায়িত্ব প্রাপ্ত সহকারী কমিশনারের যাতায়াতের জন্য অধিক্ষেত্রভুক্ত আইসিডি (Off Dock) সমূহ থেকে একজন কর্মকর্তার জন্য একটি যানবাহন প্রদান করা হবে। |
| ৮ | IGM সংশোধনীর ক্ষেত্রে সময়ক্ষেপণ রোধ করা। | প্রয়োজনীয় দলিলাদি দাখিল করা হলে স্বল্পতম সময়ে অতি দ্রুত IGM সংশোধন করা হয়ে থাকে। |
| ৯ | দীর্ঘদিন যাবৎ ফ্রেইট ফরোয়ার্ডার্সদের লাইসেন্স নবায়ন আটকে রয়েছে। | লাইসেন্সিং শাখা বিষয়টি দ্রুত নিষ্পত্তিকল্পে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। ৩০ দিনের মধ্যে সকল কার্যক্রম নিষ্পন্ন করতে হবে। |
| ১০ | রপ্তানি পণ্য চালানের EGM ও বিল অব এন্ট্রির ২য় কপি সংশ্লিষ্ট শিপিং লাইন্স কর্তৃক বিলম্বে দাখিল করা। | আইন অনুযায়ী এগুলি যথাসময়ে দাখিল করতে হবে। তবে, পৃথিবীর অন্যান্য দেশের Best Practice এর আলোকে Shipping Agent Association এই বিষয়ে একটি প্রস্তাবনা পেশ করবে। |
| ১১ | CEPZ ও KEPZ ভুক্ত প্রতিষ্ঠানের আমদানি পণ্য চালানের জন্য Delivery Module তৈরী করা। | CEPZ ও KEPZ ভুক্ত প্রতিষ্ঠানের আমদানি পণ্য চালান খালাসের Delivery Module তৈরীর কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। এটা ১৫ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। |
| ১২ | EGM এর তথ্যাদি না পাওয়ায় বন্দর কর্তৃপক্ষ কর্তৃক তা যথাসময়ে UP-DATE করা সম্ভব হচ্ছে না। | Shipping Agent কর্তৃক EGM এর তথ্য আইনানুগ দ্রুত সরবরাহ করতে হবে। |
| ১৩ | নিয়মিত পরামর্শক কমিটির সভা আহ্বান করা। | প্রতিমাসে ১(এক) বার পরামর্শক কমিটির সভা আহ্বান করা হবে। |

৩। পরিশেষে সভাপতি কাস্টম হাউস, চট্টগ্রাম সংশ্লিষ্ট যে কোন সমস্যা সমাধানের ক্ষেত্রে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
(ড. মারুফুল ইসলাম)
কমিশনার অব কাস্টমস্
কাস্টম হাউস, চট্টগ্রাম
ফোন # ০৩১-৭১৩৯১৮
ই-মেইল # maruful@nbr.gov.bd

নথি নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৫)/১৮৬ কাস তারিখ-১৮/১০/২০১২।